# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৫৭৪

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (كتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/৯৪. পবিত্রতার গোসল

بَاب مَا جَاءَ فِي الْغُسْلِ مِنْ الْجَنَابَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي الشَّوَارِبِ، حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ زِيَادٍ، حَدَّثَنَا صَدَقَةُ بْنُ سَعِيدٍ الْحَنَفِيُّ، حَدَّثَنَا جُمَيْعُ بْنُ عُمَيْرٍ التَّيْمِيُّ، قَالَ انْطَلَقْتُ مَعَ عَمَّتِي وَخَالَتِي فَدَخَلْنَا عَلَى عَائِشَةَ فَسَأَلْنَاهَا كَيْفَ كَانَ يَصْنَعُ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ عِنْدَ غُسْلِهِ مِنَ الْجَنَابَةِ قَالَتْ كَانَ يُفِيضُ عَلَى كَفَّيْهِ ثَلاَثَ مَرَّاتٍ ثُمَّ يُدْخِلُهَا فِي الإِنَاءِ ثُمَّ يَغْسِلُ رَأْسَهُ ثَلاَثَ مَرَّاتٍ ثُمَّ يُفِيضُ عَلَى جَسَدِهِ ثُمَّ يَقُومُ إِلَى الصَّلاَةِ وَأَمَّا نَحْنُ فَإِنَّا نَغْسِلُ رُءُوسَنَا خَمْسَ مِرَارٍ مِنْ أَجْلِ الضَّفْرِ .

বাংলা

২/৫৭৪। জুমাই ইবনু উমাইর আত-তাইমী (রহঃ) বলেন, আমি আমার ফুফু ও খালার সাথে আয়িশাহ (রাঃ) এর নিকট প্রবেশ করলাম। আমরা তাকে জিজ্ঞেস করলাম, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অপবিত্রতার গোসলে কী কী করতেন? আয়িশাহ(রাঃ) বলেন, তিনি প্রথমে তাঁর উভয় হাতে তিনবার পানি ঢালতেন, অতঃপর হাত পানির পাত্রে ঢুকাতেন, অতঃপর তিনবার মাথা ধৌত করতেন, অতঃপর সমস্ত শরীরে পানি ঢালতেন, অতঃপর সালাতে দাঁড়াতেন। আর আমরা আমাদের মাথার চুল ঘন হওয়ায় তা পাঁচবার ধৌত করি।

## English

Jumai' bin 'Umair At-Taimi said:
"I went out with my paternal aunt and maternal aunt and we entered upon 'Aishah. We asked her: 'What did the Messenger of Allah do when he had the bath to cleanse himself from sexual impurity?' She said: 'He used to pour water on his hand three times, then he would put them in the vessel and wash his face three times, then he would pour water over his body, then he would get up and perform prayer. As for us, we would wash our heads five

times because of our braided hair.'"

## ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: বুখারী ২৪৮, ২৫৮, ২৬২, ২৭৩; মুসলিম ৩১৬, ৩১৮; তিরমিযী ১০৪, নাসায়ী ২৪৩-৪৯, ৪২৩-২৪; আবূ দাউদ ২৪০-৪৩, আহমাদ ২৩৭৩৬, ২৩৮৯০, ২৪১২৭, ২৪১৭৯, ২৪৫৮৪, ২৪৭৫৫, ২৪৮৮১, ২৫০২৫, ২৫৩৩২, ২৫৪৬৪, ২৫৬০৯; মুওয়াত্ত্বা মালিক ১০০, দারিমী ৭৪৮।

তাহক্বীক্ব আলবানী: খুবই দুর্বল। তাখরীজ আলবানী: মিশকাত ৪৫৯, যঈফ আবূ দাউদ ৩৩। উক্ত হাদিসের রাবী জুমায় বিন উমায়র আত-তায়মী সম্পর্কে ইবনু হিব্বান সিকাহ বললেও ইমাম বুখারী বলেন তার ব্যাপারে সমালোচনা রয়েছে। ইবনু নুমায়র তিনি মানুষের মাঝে বড় মিথ্যুক। ইবনু হিব্বান বলেন, তিনি বানিয়ে হাদিস বর্ণনা করেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ জুমায়' ইবনে উমায়ের (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=10792

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন